



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

১৬৬৭৭

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/ ২৫৭০

তারিখঃ ১৬/০৫/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহকে গভার্ণিং বডি কর্তৃক গত ০৭/০৪/২০১৬খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। তার পরিপ্রেক্ষিতে জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), গত ২৭/০৩/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্তের প্রতিকার চেয়ে অত্র বোর্ডে একখানা আবেদন এবং বিজ্ঞ আইনজীবির মাধ্যমে একখানা উকিল নোটিশ প্রেরণ করেন। উক্ত আবেদন ও উকিল নোটিশে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভার্ণিং বডির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয় উল্লেখ রয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) এর আবেদন, উকিল নোটিশ ও দাখিলকৃত দেওয়ানী মোকাদ্দমা নং-১৩১/২০১৬ এর সার্টিফাইড কপিতে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভার্ণিং বডির বিরুদ্ধে অনীত অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭ কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (-----) পাতা।

২

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


23/5/17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
- ২। সভাপতি (স্থগিতকৃত), গভার্ণিং বডি, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/

তারিখঃ ১৬/০৫/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৫। জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
- ৬। পি এ টি চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৪৮৭৪